গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি-২ শাখা
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫৩.২২.০০৪.২১-৩২৬

তারিখ : ১২ অগ্রহায়ন ১৪৩১ / ২৭ নভেম্বর ২০২৪

"ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মচারীগণের বদলি ও পদায়ন নীতিমালা, ২০২৩ **(সংশোধিত-২০২৪)**"

Rules of Business, 1996 এর Rule 4(ix) (a) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মচারীগণের দক্ষতা ও অভিজ্ঞতার সর্বোচ্চ ব্যবহার, সরকারি স্বার্থকে অগ্রাধিকার প্রদান, কর্মীকল্যাণ, সদাচরণ, সুশৃঙ্খল কর্মপরিবেশ নিশ্চিতকল্পে "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মচারীগণের বদলি ও পদায়ন নীতিমালা, ২০২৩" **নিম্নরূপ** সংশোধন করা হইল:

**১. শিরোনাম:**

১.১ এই নীতিমালা "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মচারীগণের বদলি ও পদায়ন নীতিমালা, ২০২৩ **(সংশোধিত-২০২৪)"** নামে অভিহিত হইবে।

**২. লক্ষ্য ও উদ্দেশ্য:**

২.১ দক্ষতা ও অভিজ্ঞতার সর্বোচ্চ ব্যবহার, কর্মীকল্যাণ ও সদাচরণ বিবেচনার মাধ্যমে জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়ন ও নাগরিক বান্ধব সেবা প্রদান নিশ্চিতকরণ।

**৩. প্রয়োগ ও প্রবর্তন:**

৩.১ এই নীতিমালা জারির তারিখ হইতে কার্যকর হইবে;

৩.২ অধিদপ্তরের অস্থায়ী/স্থায়ী পদে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর জন্য এই নীতিমালা অনুসৃত হইবে;

৩.৩ উন্নয়ন প্রকল্পে চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত/আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা'২০১৮ এর অধীন নিয়োগপ্রাপ্ত/ দৈনিকভিত্তিক নিয়োগপ্রাপ্ত/প্রেষণে নিয়োজিত কর্মীগণের বদলি/পদায়নের ক্ষেত্রে এই নীতিমালায় বর্ণিত শর্তসমূহ প্রতিপালনের বাধ্যবাধকতা থাকিবে না;

৩.৪ সরকারি/প্রাতিষ্ঠানিক স্বার্থে নিয়োগকারী কর্তৃপক্ষ এই নীতিমালায় বর্ণিত সিদ্ধান্তের ভিন্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন।

**৪. সংজ্ঞা:**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী অন্য কোনো কিছু না থাকিলে, এই নীতিমালায়-

৪.১ 'মহাপরিচালক' বলিতে বুঝাইবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক;

৪.২ 'অধিদপ্তর' বলিতে বুঝাইবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর;

৪.৩ 'কর্মচারী' বলিতে বুঝাইবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মচারী;

৪.৪ 'নিয়োগকারী কর্তৃপক্ষ' বলিতে "কর্মকর্তা ও কর্মচারী (বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৯"-এ বর্ণিত নিয়োগকারী কর্তৃপক্ষ;

৪.৫ 'বিভাগীয় কর্মকর্তা' বলিতে বুঝাইবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিভাগীয় উপপরিচালক;

৪.৬ 'অপারেশনাল সদস্য' বলিতে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন ২০০৩ এর ধারা ২ এর (খ) বর্ণিত অপারেশনাল কাজে অংশগ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীকে বুঝাইবে;

## ৫. বদলির ক্ষেত্রে বিবেচ্য শর্তাবলি:

### ৫.১ সাধারণ শর্তাবলি:

৫.১.১ ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের বদলি/পদায়নের বিষয়টি অধিদপ্তর হইতে প্রাপ্ত প্রস্তাবের প্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নিষ্পন্ন হইবে;

৫.১.২ এই নীতিমালার অধীন কোনো কর্মকর্তা-কর্মচারীকে নিজ জেলায় বদলি/পদায়ন করা যাইবে না; তবে সরকার ঘোষিত তিন পার্বত্য জেলা (রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি) এবং ১৬টি হাওড়/দ্বীপ/চর উপজেলার স্থায়ী অধিবাসী এমন কর্মকর্তা-কর্মচারীকে নিজ উপজেলার নিকটবর্তী উপজেলায় বদলি/পদায়ন করা যাইবে।

৫.১.৩ প্রশাসনিক জটিলতা সৃষ্টির আশংকা না থাকিলে গ্রেড-১৬ হইতে গ্রেড-২০ এ কর্মরত 'নন-অপারেশনাল' সদস্যগণের ক্ষেত্রে উপানুচ্ছেদ ৫.১.২ এ বর্ণিত শর্ত শিথিল করা যাইবে;

৫.১.৪ একই কর্মস্থলে কোনো কর্মকর্তা-কর্মচারীর চাকরীকাল একাধারে **০৩ (তিন) বৎসরের অধিক হইলে বদলীযোগ্য হইবে, তবে প্রশাসনিক/মানবিক কারণে শিথিলযোগ্য;**

৫.১.৫ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স এর পদসমূহে (অফিস স্টাফ ব্যতীত) পদায়নের ক্ষেত্রে যাহারা মাঠ পর্যায়ের দপ্তর/ফায়ার স্টেশনে ন্যূনতম ০৩ (তিন) বৎসর চাকরী করিয়াছেন তাহাদের মধ্য হইতে মেধাবী ও দক্ষ কর্মীদের বদলি/ পদায়ন করা যাইবে;

### ৫.২ নিজ স্বার্থে বদলি:

৫.২.১ স্বামী-স্ত্রী চাকরিজীবী হইলে তাহাদের আবেদনের প্রেক্ষিতে একই কর্মস্থলে বা নিকটবর্তী জেলা/উপজেলায় পদায়ন/ বদলি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করিতে হইবে;

৫.২.২ কর্মকর্তা-কর্মচারীগণের নিজের অথবা পিতা/মাতা/স্ত্রী/স্বামী/সন্তান-এর দুরারোগ্য ব্যাধির ক্ষেত্রে সুষ্ঠু চিকিৎসার স্বার্থে **নিজ জেলা**/সুবিধাজনক স্থানে পদায়ন করা যাইবে;

৫.২.৩ অবসরত্তোর ছুটি আরম্ভের ১৩ (তেরো) মাসের কম সময় অবশিষ্ট থাকার ক্ষেত্রে অধিদপ্তরের কোনো কর্মকর্তা-কর্মচারীকে-

৫.২.৩.১ জনস্বার্থে অত্যাবশ্যক না হইলে অথবা সংশ্লিষ্ট দায়িত্ব পালনে অনুপযুক্ত বা অক্ষম বিবেচিত না হইলে আবেদনের ক্ষেত্র ব্যতীত অন্য কোনো কর্মস্থলে বদলি করা যাইবে না;

৫.২.৩.২ পেনশন প্রাপ্তির সুবিধার্থে তাহাকে নিজ জেলায় অথবা তাহার আবেদিত জেলায় বদলি/পদায়ন করা যাইবে;

৫.২.৩.৩ জনস্বার্থ বিঘ্নিত হইবার বা প্রশাসনিক অসুবিধা সৃষ্টি হইবার আশংকা থাকিলে অনুচ্ছেদ ৫.২.৩.২ অনুসরণের বাধ্যবাধকতা থাকিবে না।

### ৫.৩ জনস্বার্থে বদলি:

৫.৩.১ দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের স্বার্থে কোনো কর্মীর দক্ষতা ও পারদর্শিতা উক্ত দপ্তরের জন্য আবশ্যক বিবেচিত হইলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাহাকে জনস্বার্থে যে-কোনো দপ্তর/স্টেশনে যে-কোনো সময়ে বদলি করিতে পারিবেন;

৫.৩.২ উক্ত পদে কর্মীর দক্ষতা, পারদর্শিতা, অভিজ্ঞতা ও সদাচরণ কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হইলে একই কর্মস্থলে কোনো কর্মকর্তা-কর্মচারীর চাকরীকাল জনস্বার্থ বিবেচনায় ৫.১.৪-এ বর্ণিত সময়কাল হইতে আরও ০১(এক) বৎসর বৃদ্ধি করা যাইবে; **(বিলুপ্ত)**

৫.৩.৩ নতুন চালুকৃত কোনো দপ্তর/ স্টেশনের কাজের গতিশীলতা নিশ্চিত করিবার লক্ষ্যে ন্যূনতম অর্ধেক জনবল দক্ষতা ও পারদর্শিতা বিচারে অন্যত্র হইতে বদলি করা হইবে;

৫.৩.৪ প্রশাসনিক কারণে আবশ্যিক বিবেচিত হইলে যে-কোনো কর্মকর্তা-কর্মচারীকে বর্তমানে কর্মরত জেলা হইতে দূরবর্তী স্থানে বদলি করা যাইবে এবং এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৫.১ -এ বর্ণিত বদলির সাধারণ সময়কাল বিবেচনা করিবার বাধ্যবাধকতা থাকিবে না;

৫.৩.৫ প্রশাসনিক কারণে অধিদপ্তরের কোনো সদস্যকে বদলি করা হইলে তিনি **০৩ (তিন)** বৎসরের মধ্যে নিজস্বার্থে বদলি/ পারস্পরিক বদলির আবেদন করিতে পারিবেন না;

৫.৩.৬ আর্থিক অনিয়মের জন্য শাস্তিপ্রাপ্ত কোনো কর্মকর্তা-কর্মচারীকে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে বদলি/পদায়ন করা যাইবে না;

**৫.৪ পারস্পরিক বদলি:**

৫.৪.১ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীকে পারস্পরিক আবেদনের মাধ্যমে বদলি করা যাইবে, যদি-

৫.৪.১.১ উপানুচ্ছেদ ৫.১ এ বর্ণিত শর্তাবলি পালিত হয়;

৫.৪.১.২ তাহাদের উভয়ের চাকরীর রেকর্ড সন্তোষজনক হয়;

৫.৪.১.৩ পারস্পরিক বদলি আবেদনে উভয়ের সম্মতি-স্বাক্ষর থাকে;

৫.৪.১.৪ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিলকৃত আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার সুপারিশ থাকে।

**৬. পদায়নের ক্ষেত্রে বিবেচ্য শর্তাবলি:**

**৬.১ নবনিযুক্তদের পদায়ন:**

৬.১.১ নবনিযুক্ত কর্মকর্তা-কর্মচারীদের মৌলিক প্রশিক্ষণ শেষে অনুচ্ছেদ ৫.১ অনুসরণপূর্বক পদায়ন করা হইবে।

৬.২ **পদোন্নতিপ্রাপ্তদের পদায়ন:**

৬.২.১ পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের পদায়নের ক্ষেত্রে সাধারণভাবে কর্মঅধিক্ষেত্র পরিবর্তনযোগ্য হইবে।

৬.৩ **লিয়েন/প্রেষণ/শিক্ষাছুটি হইতে প্রত্যাবর্তন শেষে পদায়ন:**

৬.৩.১ অধিদপ্তরের কোন সদস্য লিয়েন/প্রেষণ হইতে প্রত্যাবর্তন করিয়া অধিদপ্তরে যোগদান করিবার পর তাহাকে পূর্বের কর্মস্থল ব্যতিরেকে অন্যত্র পদায়ন করা হইবে।

৬.৩.২ অধিদপ্তরের কোন সদস্য শিক্ষাছুটি হইতে প্রত্যাবর্তনের পর তাহার অর্জিত জ্ঞান/প্রশিক্ষণ লব্ধ জ্ঞানের সাথে সামঞ্জস্যপূর্ণ পদে পদায়ন করা হইবে।

**৭. সংযুক্তির ক্ষেত্রে বিবেচ্য শর্তাবলি:**

৭.১ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোর সীমাবদ্ধতা এবং অধীন যে-কোনো দপ্তরের দাপ্তরিক কার্যে গতিশীলতার স্বার্থে আবশ্যিক বিবেচিত হইলে কোনো কর্মীর দক্ষতা, অভিজ্ঞতা, পারদর্শিতা এবং চাকরী সন্তোষজনক হওয়া সাপেক্ষে নিয়োগকারী কর্তৃপক্ষ তাহাকে অনধিক ০১ বছরের জন্য সংযুক্তি আদেশ প্রদান করিতে পারিবেন;

৭.২ কর্তৃপক্ষ কোনরকম কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোনো সময় সংযুক্তি আদেশ বাতিল করিতে পারিবেন;

**৮. অস্পষ্টতা দূরীকরণ:**

৮.১ এই নীতিমালার কোনো অনুচ্ছেদের বিষয়ে কোনো অস্পষ্টতা পরিলক্ষিত হইলে সুরক্ষা সেবা বিভাগ, **স্বরাষ্ট্র মন্ত্রণালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়** প্রয়োজনীয় ব্যবস্থা/সিদ্ধান্ত গ্রহণ করিবে।

**৯. রহিতকরণ:**

৯.১ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মচারীগণের বদলি ও পদায়ন নীতিমালা, ২০২৩ **(সংশোধিত-২০২৪)** কার্যকর হইবার পর হইতে সুরক্ষা সেবা বিভাগের ০৯ মে ২০২১ তারিখের ৫৮.০০.০০০০.০৫২.১৯.০০২.১৭-১৮৭ নম্বর স্মারকমূলে জারীকৃত পত্র রহিত বলিয়া গণ্য হইবে।

**১০. সংশোধন, সংযোজন ও পরিমার্জন:**

১০.১ প্রয়োজনীয়তা ও বাস্তবতার নিরীখে যে-কোনো সময় সুরক্ষা সেবা বিভাগ, **স্বরাষ্ট্র মন্ত্রণালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়** এই নীতিমালা পরিবর্ধন, পরিমার্জন, সংশোধন ও সংযোজন করিতে পারিবে।

১১. এই নীতিমালা জারির তারিখ হইতে কার্যকর হইয়াছে মর্মে গণ্য হইবে।

(ড. মোহাম্মদ আবদুল মোমেন)
সিনিয়র সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়